মেহেরপুর ১ ও ২ আসনে বিএনপি ও জামায়াত প্রার্থীদের মনোনয়নপত্র উত্তোলন

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসন থেকে বিএনপি মনোনীত প্রার্থী মাসুদ অরুণের মনোনয়নপত্র তার পক্ষে উত্তোলন করেছেন তাঁর ছোট ভাই মারুফ আহমেদ বিজন।

একই দিনে মেহেরপুর-১ ও মেহেরপুর-২ আসনে জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থীদের মনোনয়নপত্রও উত্তোলন করা হয়।

মেহেরপুর-১ আসনে জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থী তাজউদ্দিন খান এবং মেহেরপুর-২ আসনে প্রার্থী নাজমুল হুদার মনোনয়নপত্র উত্তোলন করেন।

বুধবার দুপুরে জেলা প্রশাসকের কার্যালয়ে জেলা প্রশাসক ও জেলা রিটার্নিং কর্মকর্তাড. সৈয়দ এনামুল কবির তাদের হাতে তুলে দেন।

মুজিবনগরে মহান বিজয় দিবসে বিএনপির পুষ্পস্তবক অর্পণ

মুজিবনগরে জেলা ও উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলামের নেতৃত্বে উপজেলা বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল, কৃষক দল ও ছাত্রদলসহ বিএনপির অঙ্গসংগঠনের নেতাকর্মীরা বিজয় র্যালি সহকারে মুজিবনগর মুক্তিযুদ্ধ কমপ্লেক্সের স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে মহান মুক্তিযুদ্ধসহ সকল শহীদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সাধারণ সম্পাদক মশিউর রহমান, সাংগঠনিক সম্পাদক হারুন অর রশিদ, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি

রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলাম, স্বেচ্ছাসেবক দল নেতা জেমস, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফাহিম আহনাফ লিংকন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব আজিজুর রহমান আফিরুল, উপজেলা জাসাসের সভাপতি হেলাল খানসহ উপজেলা বিএনপি, যুবদল, কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীরা।

মেহেরপুরের ৪ নং ওয়ার্ডের হঠাৎ পাড়ায় বিএনপি’র উঠান বৈঠক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র উদ্যোগে মেহেরপুরে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (১২ ডিসেম্বর) বিকেলে ৪ নং ওয়ার্ডের হঠাৎপাড়ায় এ উঠান বৈঠকের আয়োজন করা হয়।

জেলা মহিলা দলের সভাপতি সায়েদাতুন্নেসা নয়নের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের মনোনীত পার্থী মাসুদ অরুন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পৌর বিএনপির সাবেক সভাপতি ও মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস।

এ সময় আরও উপস্থিত ছিলেন, জেলা মহিলা দল এবং ৪নং ওয়ার্ডের বিএনপি কর্মীরা।

তরুণ ভোটাররা প্রভাব ফেলবে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

প্রচারণা চালিয়ে যাচ্ছেন।

এছাড়াও জাতীয় নাগরিক পাটি’র (এনসিপি) মোঃ হামিদ পারভেজ মিয়া এ আসনে প্রতিদ্বন্দ্বিতা করবেন বলে দলীয় মনোনয়ন কিনেছেন। সরকার পতনে বৈষম্যবিরোধী ছাত্রআন্দোলনের ব্যাপক ভূমিকা থাকায় তাদের রাজনৈতিক দল এনসিপি নির্বাচনী আলোচনায় রয়েছে। নতুন দল হলেও মানুষের ভাগ্য উন্নয়ন বেকারদের কর্মসংস্থানে তারা ব্যাপক ভূমিকা রাখবেন বলে হামদি পারভেজ মিয়া দাবি করেণ। অন্য দিকে গুরুত্বপূর্ণ এ আসনটিতে জামায়াতে ইসলামীর প্রার্থী দলটির জেলা আমির অধ্যাপক আলী আজম মোহাম্মদ আবু বকর। তিনি নির্বাচনে শক্ত প্রতিদ্বন্দ্বিতা করবেন বলে দলের নেতা কর্মীরা প্রত্যাশা করেন। তিনি প্রতিনিয়ত দলের নেতাকর্মীদের নিয়ে পিআর ও জুলাইসনদের আন্দেলনের পাশাপাশি নির্বাচনী প্রচারণা চালিয়ে যাচ্ছে।

তাছাড়া বাংলাদেশ ইসলামী আন্দোলনের প্রার্থী হচ্ছেন জেলা সভাপতি ডা: মমতাজুল ইসলাম। তাছাড়া বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সহসভাপতি ও দ্বাদশ জাতীয় সংসদের স্বতন্ত্র সংসদ সদস্য মো: নাসের শাহরিয়ার জাহেদী মহুল এবারও স্বতন্ত্র প্রার্থী হিসেবে মাঠে থাকার প্রত্যাশা ব্যক্ত করেছেন। তিনি বছরাধিকাল ধরে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের নির্বাচিত সহসভাপতি হিসেবে দেশের ফুটবলের উন্নয়নে ব্যাপক কাজ করে যাচ্ছেন।

এবিষয়ে নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন, ভোট গণতান্ত্রিক অধিকার রাষ্ট্রের নিষেধাজ্ঞা ছাড়া সবাই নির্বাচনে অংশগ্রহন করতে পারেন, জনগণ যাকে বেছে নিবেন তিনিই নির্বাচিত হবেন। তিনি এই সরকারের অধিনে নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে হবে বলে বিশ্বাস করেন। তবে এবছর নতুন ভোটাররা নির্বাচনে জয়পরাজয়ে ব্যাপক প্রভাব ফেলবে। সাধারণ ভোটারদের ধারণা শেষমেষ বিএনপি জামায়াতের মধ্যেই এই আসনে জয়-পরাজয়ের লড়াই হবে।

মানুষ ভোটের মাধ্যমে তাদের

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

খালিদ মাহমুদ মিল্টন।

সমাবেশে আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, সাবেক সংসদ সদস্য হাবিবুর রহমান হবি, দর্শনা থানা বিএনপির সভাপতি বীর মুক্তিযোদ্ধা খাজা আবুল হাসনাত, দামুড়হুদা উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান ফজলুর রহমান, জীবননগর উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও পৌর মেয়র নওয়াব আলী, দর্শনা পৌরসভার সাবেক মেয়র মহিদুল ইসলাম, জীবননগর উপজেলা বিএনপির সাবেক সভাপতি আখতারুজ্জামান মিয়া, দর্শনা পৌর বিএনপির সাবেক সভাপতি হাজী শওকত খন্দকার, জীবননগর উপজেলা বিএনপির সভাপতি ও আন্দুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আনোয়ার হোসেন খান খোকন, জীবননগর পৌর বিএনপির সভাপতি শাজাহান কবীর, জীবননগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সীমান্ত ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান শাজাহান আলী, দর্শনা থানা বিএনপির সাধারণ সম্পাদক ও বেগমপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আহাম্মদ আলী, জীবননগর পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মাহাতাব আলী, নতিপোতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান কামরুজ্জামান টুনু, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ ইউসুফ আলী ও সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী।

এছাড়া সমাবেশে দামুড়হুদা ও জীবননগর উপজেলা বিএনপি, ইউনিয়ন বিএনপি, যুবদল, ছাত্রদলসহ বিএনপির অঙ্গসংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দর্শনার গড়াইটুপি ইউনিয়নে বিএনপির প্রার্থীর পথ সভায়

ধর্মভীরু আমরা, কিন্তু আমরা ধর্মান্ধ না বলে মন্তব্য করেছেন বিজিএমইএ ও চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি ও চুয়াডাঙ্গা-২ আসনের বিএনপির প্রার্থী মাহমুদ হাসান খান বাবু।গতকাল সোমবার বেলা সাড়ে ৩টা থেকে চুয়াডাঙ্গা ২ নির্বাচনী এলাকা দর্শনা থানার গড়াইটুপি

ইউনিয়নের গহেরপুর গ্রামে নির্বাচনী পথসভা করেন তিনি। পরে পর্যায়ক্রমে ইউনিয়নের আরও ৮ স্থানে পথসভা করেন বিএনপি মনোনীত এমপি প্রার্থী মাহমুদ হাসান খাঁন বাবু।

জেলা বিএনপির সভাপতি বলেন, আমরা বিশ্বাস করি ধর্ম যার যার..রাষ্ট্র সবার। ধর্মভীরু আমরা, কিন্তু আমরা ধর্মান্ধ না..একই সাথে ধর্ম নিয়ে আমরা কোনো ব্যবসা করতে চায় না। একেবারে পরিষ্কার বিষয়। ধর্মকে ব্যবহার করে আমরা রাজনীতি করতে চায় না। এটাই বিএনপির রাজনীতি। আমাদের নেত্রী বেগম খালেদা জিয়া বার বার সংগ্রাম করেছেন দেশের মানুষের অধিকারের জন্য। দেশের সার্বভৌমত্বের জন্য।

চুয়াডাঙ্গা-২ আসনের বিএনপির প্রার্থী বাবু খান বলেন, আমরা অতীতে সেকল প্রতিশ্রুতি দিয়েছি অধিকাংশই পালন করেছি। আমরা কখনোই বলি নাই যে, যা প্রতিশ্রুতি দিয়েছি ১০০ শতাংশ পূরণ করা হয়েছে। আমরা যা প্রতিশ্রুতি দিই, অধিকাংশ পূরণ করার চেষ্টা করি।

বিজিএমইএর সভাপতি বলেন, আপনাদের দাবির ভেতরে নাই, কিন্তু আমরা যেটা বলি..সেটা হচ্ছে কৃষির উন্নয়ন। অত্র অঞ্চলে একটি পূর্ণাঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় করা হলো আমাদের প্রতিশ্রুতি। সেটা আমরা করব। আমরা আরও একটি প্রতিশ্রুতির কথা বলি যেটা হচ্ছে নতুন ধারণা, যেই ধারণা অত্র অঞ্চলে নাই সেটা হচ্ছে এই…মোবাইল হাসপাতাল। এখান থেকে অনেক দূরে হয়তো হাসপাতালে যেতে হবে। কিন্তু মৌলিক যে পরীক্ষা, সেগুলো বাসের মধ্যে যাবতীয় পরীক্ষা-নিরীক্ষার ব্যবস্থার থাকবে। সেই বাসটি ইউনিয়ন থেকে ইউনিয়ন ঘুরাঘুরি করবে। যারা প্রয়োজন মনে করেন.. একেবারে প্রান্তিক পর্যায়ের জনগণ এই হাসপাতালগুলোতে যেয়ে পরীক্ষা-নিরীক্ষাগুলো করাতে পারবেন। সেই উদ্যোগ আমরা নেব।

বাবু খান বলেন, ধানের শীষের প্রতি আপনাদের অতীতে সমর্থন যেভাবে ছিল আমরা চায় সেইভাবে ধানের শীষের প্রতি আপনাদের সমর্থন অব্যাহত থাকবে। একটি সুন্দর বাংলাদেশ আমরা উপহার দেব। এই প্রতিশ্রুতি দিয়ে আমার বক্তব্য শেষ করছি। আল্লাহ হাফেজ। বাংলাদেশ জিন্দাবাদ, বাংলাদেশ জাতীয়তাবাদী দল জিন্দাবাদ।

এসময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ মিল্টন, দর্শনা থানা বিএনপির সভাপতি বীর মুক্তিযোদ্ধা খাজা আবুল হাসনাত, সহ-সভাপতি আক্তার হোসপন,

সাধারণ সম্পাদক আহাম্মদ আলী, দর্শনা থানা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক খাইরুল ইসলাম যুদ্ধ, সাংগঠনিক সম্পাদক মহিদুল ইসলাম, দপ্তর সম্পাদক আসলাম উদ্দীন, গড়াইটুপি ইউনিয়ন বিএনপির মহাব্বত আলী, সাধারণ সম্পাদক শরিফুল ইসলামসহ ইউনিয়ন বিএনপি ও অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা।

বিএনপির নির্বাচনী জনসভা উপলক্ষে দামুড়হুদায় প্রস্তুতিমূলক সভা

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে আগামী বুধবার দামুড়হুদার হাউলী ইউনিয়নের লোকনাথপুর হেলিপোর্ট মাঠে কেন্দ্রীয় বিএনপির নির্বাচনী সমাবেশ ও জনসভা অনুষ্ঠিত হবে।

এ উপলক্ষে সোমবার বেলা সাড়ে তিনটায় ডুগডুগি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে হাউলী ইউনিয়ন বিএনপির উদ্যোগে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় জনসভা সফল করতে সার্বিক প্রস্তুতি, গণসংযোগ ও সাংগঠনিক দিকগুলো নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়।

হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, সহসভাপতি সলেমান মল্লিক, হাউলী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, সহসভাপতি মহিউদ্দিন, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক রকিবুল হাসান তোতা, হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি তরিকুল ইসলাম, সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত) ইদ্রিস আলী, ইউনিয়ন কৃষক দলের সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম মমিন, ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফারুক হুসাইন বাবু এবং হাউলী ইউনিয়নের ৯টি ওয়ার্ডের বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীবৃন্দ।

সভায় জানানো হয়, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি ও কেন্দ্রীয় বিএনপির উপ-কোষাধ্যক্ষ মাহমুদ হাসান খান বাবুর সভাপতিত্বে

অনুষ্ঠিতব্য জনসভাটি হবে হাউলী ইউনিয়নের অন্যতম বৃহৎ রাজনৈতিক সমাবেশ। স্থানীয় নেতারা আশা প্রকাশ করেন বিপুল উপস্থিতিতে আগামী বুধবারের নির্বাচনী জনসভা সফলভাবে সম্পন্ন হবে। প্রস্তুতি সভার সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন বিএনপির যুগ্ম সম্পাদক কামরুজ্জামান।

ঝিনাইদহে মহিলা দলের নির্বাচনী উঠান বৈঠক অনুষ্ঠিত

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ঝিনাইদহে নির্বাচনী উঠান বৈঠক করেছে মহিলাদল। সোমবার সকালে সদর উপজেলার পৈলানপুর গ্রামে হরিশংকরপুর ইউনিয়ন মহিলাদলের উদ্যোগে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদ, সহ-সভাপতি অ্যাডভোকেট মুন্সী কামাল আজাদ পান্নু, ইঞ্জিনিয়ার আসাদুর রহমান চৌধুরী, জেলা মহিলা দলের সভাপতি অধ্যক্ষ কামরুন নাহার লিজি, জেলা বিএনপির সহ দপ্তর সম্পাদক সাকিব আহম্মেদ বাপ্পি, ইউনিয়ন মহিলাদলের আহবায়ক লিসা খানসহ অন্যরা বক্তব্য রাখেন।

উঠান বৈঠকে বক্তারা বলেন, আসন্ন জাতীয় নির্বাচন গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের অধিকার ফিরিয়ে আনার নির্বাচন। এ জন্য তারা তৃণমূলের নেতাকর্মীদের আরও সংগঠিত হতে হবে। তাই আগামী নির্বাচনে বিএনপিকে রাষ্ট্রক্ষমতায় আনতে ধানের শীষ প্রতীকে ভোট দেওয়ার আহবান জানান।

দর্শনায় বিএনপি-আওয়ামী লীগসহ

১০২ জন কর্মী-সমর্থকের জামায়াতে যোগদান

চুয়াডাঙ্গা সদর থানার দর্শনায় লালনভক্ত বিএনপি-আওয়ামী লীগের ১০২ জন কর্মী-সমর্থক আনুষ্ঠানিকভাবে জামায়াতে ইসলামীতে যোগদান করেন। জেলা জামায়াতের আমীর রুহুল আমিন যোগদানকারীদের ফুল দিয়ে বরণ করে নেন। জামায়াতে ইসলামীর আদর্শে অনুপ্রাণিত হয়ে তারা যোগদান করেন। গতকাল রোববার বিকেলে দর্শনা থানার তিতুদহ ইউনিয়নের বলদিয়া গ্রামের একটি মাদ্রাসায় এ যোগদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমাদের রাজনীতির একটি ভিশন আছে। আমাদের রাজনীতি যেনতেনো নয়। আমাদের দর্শন শুধু ভোটাভুটি না। আসমান-জমিন সবকিছু আল্লাহর, তাই এখানে আইন চলবে আল্লাহর। আমরা সকল জায়গায় আল্লাহর আইন ও বিধান কায়েম করতে চাই। সকল ক্ষমতার উৎস জনগণ নয়, সকল ক্ষমতার উৎস আল্লাহ। আল্লাহর বিধান চালু হলে দুনিয়াতে শান্তি আর আখিরাতে মুক্তি মিলবে। ৫ তারিখের পরে আমাদের পেশা পরিবর্তন হয়নি, আমরা যেমন ছিলাম তেমনই আছি। কিছু মানুষ আলাদিনের চেরাগ পেয়েছে। আমরা টাকা ইনকামের জন্য রাজনীতি করি না। আমরা মানবতার কল্যাণ সাধন করতে চাই, সত্যের পথে থাকতে চাই। জামায়াতের কর্মীরা সবাই চাঁদাবাজি, দুর্নীতি ও মাদকমুক্ত। আমরা বলতে পারি আসুন আখিরাতের চিন্তা করে দুনিয়াতে শান্তি নিয়ে বসবাস করি। তিনি বলেন, সব দল দেখা শেষ দাঁড়িপাল্লার বাংলাদেশ।

এ সময় আরও বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর চুয়াডাঙ্গা জেলা ইউনিট সদস্য আব্দুর রউফ, দর্শনা থানা আমীর রেজাউল করিম মাস্টার, চুয়াডাঙ্গা জেলা ছাত্রশিবিরের সভাপতি সাগর হোসেন। এছাড়াও উপস্থিত ছিলেন দর্শনা থানা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সহ-সভাপতি আবুল কালাম, তিতুদহ ইউনিয়ন যুব বিভাগের সভাপতি লিটন হোসেন, সমাজকল্যাণ বিষয়ক সভাপতি শফিকুল ইসলাম, শ্রমিক কল্যাণ ফেডারেশন সভাপতি মাসুদুর রহমান, ইউনিয়ন টিম সদস্য আলমগীর হোসেন, হাফিজুর রহমান প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন তিতুদহ ইউনিয়ন জামায়াতে ইসলামীর সেক্রেটারি মাহাবুব হাসান। যোগদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তিতুদহ ইউনিয়ন জামায়াতের আমীর রফিজ উদ্দিন মাস্টার।

লালনভক্ত বিএনপি-আওয়ামী লীগসহ ১০২ জন কর্মী-সমর্থক আনুষ্ঠানিকভাবে জামায়াতে ইসলামীতে যোগদান করেন।

দর্শনার তিতুদহ ইউনিয়ন জামায়াতে ইসলামীর আমীর রফিজ উদ্দিন মাস্টার জানান, লালনভক্তরা জামায়াতের আদর্শে অনুপ্রাণিত হয়ে যোগদান করেছেন। লালনভক্তরা লালনের কৃষ্টি–কালচারের মধ্যে দিন-দুনিয়া এবং ইসলামের কোনো কিছু খুঁজে না পেয়ে ইসলাম ও আল্লাহকে বুকে ধারণ করে যোগদান করেছেন। তাদের পাশে তারা সর্বদা থাকবেন। আজ ১০২ জন যোগদান করেছেন।

নারী ও শিশুর প্রতি সহিংসতা বন্ধে সম্মিলিতভাবে কাজ করতে হবে

বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও কুষ্টিয়া ২ (মিরপুর-ভেড়ামারা) আসনের বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী ব্যারিস্টার রাগীব রউফ চৌধুরী বলেছেন, নারী ও শিশুর প্রতি সহিংসতা বন্ধে আমাদের সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। শুধু আইন প্রয়োগ নয়, প্রয়োজন সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন।

রবিবার সকালে কুষ্টিয়ার মিরপুরে নারী ও শিশু অধিকার ফোরাম ভেড়ামারা এবং মিরপুর উপজেলা শাখার নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন।

রাগীব রউফ চৌধুরী বলেন, নারী ও শিশুর প্রতি সহিংসতা শুধু একটি ব্যক্তিগত সমস্যা নয়, এটি একটি সামাজিক ব্যাধি। এই সমস্যা সমাধানে আইন প্রয়োগের পাশাপাশি আমাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন প্রয়োজন। পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান ও সমাজের প্রতিটি স্তরে সচেতনতা গড়ে তুলতে হবে।

তিনি আরও বলেন, এ ধরনের ফোরামগুলো সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে পারে। আমি তাদের পাশে আছি এবং সব ধরনের সহযোগিতার আশ্বাস

দিচ্ছি।

সভায় উপস্থিত নেতৃবৃন্দ নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে বর্তমান চ্যালেঞ্জ ও করণীয় বিষয়গুলো তুলে ধরেন।

রাগীব রউফ চৌধুরী সমাজে মানবাধিকার প্রতিষ্ঠায় নারী ও শিশুদের নিরাপত্তা এবং ক্ষমতায়নের ওপর গুরুত্বারোপ করেন।

সভায় অংশগ্রহণকারীরা বিভিন্ন প্রস্তাব ও কার্যকর উদ্যোগ নিয়ে আলোচনা করেন এবং ভবিষ্যতে সমন্বিতভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

সভায় উপস্থিত ছিলেন নারী ও শিশু অধিকার ফোরাম কুষ্টিয়া জেলা শাখার আহ্বায়ক এ্যাডভোকেট মোহাম্মদ ইকবাল খান, জেলা শাখার সদস্য সচিব কাউছার আজম, সিনিয়র যুগ্ন আহবায়ক ইশতিয়াক মাহমুদ, যুগ্ন আহবায়ক রাজিবুল ইসলাম,মাসুমা খাতুন, মাহির আলী, ভেড়ামারা উপজেলা শাখার আহ্বায়ক আসিফ হাসান,সদস্য সচিব জান্নাতুল ফেরদৌস, যুগ্ন আহবায়ক, যুগ্ম আহ্বায়ক এস এম রওনক, জিনিয়া খাতুন, ফয়সাল আহমেদ রানা, সদস্য রুবেল আলম, ফারুক হোসেন সহ অন্যান্য নেতৃবৃন্দ।

সভায় উপস্থিত নেতৃবৃন্দ বলেন, নারী ও শিশুদের অধিকার প্রতিষ্ঠায় তারা স্থানীয় পর্যায়ে সচেতনতা কার্যক্রম, আইনি সহায়তা এবং পুনর্বাসনের কাজ চালিয়ে যাচ্ছেন। ভবিষ্যতে রাগীব রউফ চৌধুরীর সঙ্গে সমন্বিতভাবে আরও কার্যকর উদ্যোগ নেওয়ার আশাবাদ ব্যক্ত করেন।

সভায় দেশনায়ক তারেক রহমান ঘোষিত ৩১ দফা সহ সমাজে নারী ও শিশু অধিকার নিশ্চিত করনে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।